গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮,মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd:যুউঅ.বাংলা

## ২০২৪-২০২৫ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি : এ কে এম মফিজুল ইসলাম
পরিচালক(দা. বি. ও ঋণ) ও ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান : পরিচালকের অফিস কক্ষ।

তারিখ ও সময় : ৩১ জুলাই ২০২৪খ্রি. ; সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে।

সভাপতি পূর্ণগঠিত ইনোভেশন টিমের সকল সম্মানীত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত দপ্তর/সংস্থা এবং আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহের জন্য ২০২৪-২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা উপস্থাপনের জন্য সদস্য-সচিবকে আহ্বান জানানো হয়। সদস্য-সচিব দপ্তর/ সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের জন্য ২০২৪-২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম, কর্মসম্পাদনের সূচক এবং লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর প্রতিটি কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ক. | ১.১. সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ইনোভেশন টিমের জুন ২০২৪ এর সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৪-২৫ অর্থবছরে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী ধারণার শিরোনাম ইনোভেশন সেল-এ প্রেরণের জন্য সকল শাখাকে পত্র দেওয়া হয়। তৎপ্রেক্ষিতে প্রশাসন শাখা থেকে ৩টি, প্রশিক্ষণ শাখা থেকে ২টি, দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখা থেকে ২ টি এবং বাস্তবায়ন শাখা থেকে ১টি মোট ৮টি ধারণা পাওয়া যায়। ধারণাসমূহ জুলাই ২০২৪ মাসের অধিদপ্তরের সমন্বয় সভায় উপস্থাপিত হলে মহাপরিচালক (গ্রেড-১) উপস্থাপিত সকল ধারণা বাস্তবায়ন হলে অধিদপ্তরের কার্যক্রম আরো স্বচ্ছ এবং গতিশীল হবে বলে অভিমত প্রকাশ করেন। উপস্থাপিত ৮টি ধারণাই বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে পরামর্শ দেন। এ প্রেক্ষিতে ধারণাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে 'উদ্ভাবন প্রকল্প ছক'এ কর্মপরিকল্পনা প্রস্তুত করে ইনোভেশন সেল-কে অবহিত করার জন্য সকল শাখায় পত্র দেওয়া যেতে পারে। কর্মপরিকল্পনা মোতাবেক গৃহীত উদ্যোগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো যেতে পারে। | ক. 'উদ্ভাবন প্রকল্প ছক'-এ কর্মপরিকল্পনা প্রস্তুত করে সে অনুযায়ী উদ্যোগটি বাস্তবায়ন করতে হবে।<br><br>খ. গৃহীত উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে ইনোভেশন সেল-এ প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম |
| | ২.১ ইতঃপূর্বে বাস্তবায়িত সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও সেবাসমূহ চলমান রাখা | ক. ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজীকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেইজ ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকরণ ও ডাটাবেইজের সেবাসমূহ চালু রাখতে রাখার জন্য কর্মপরিকল্পনায় নির্দেশনা রয়েছে। | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজীকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেইজ ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদ করতে এবং নিয়মিত মন্ত্রণালেয়ে প্রতিবেদন প্রেরণ করে ইনোভেশন সেল-কে অবহিত করতে হবে। | প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর |
| | ৩.১ ইনোভেশন শোকেসিং | যুব উন্নয়ন অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ ০৮/০৫/২০২৫ তারিখের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে কর্মপরিকল্পনায় নির্দেশনা রয়েছে। | - | - |

| নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | ৪.১. ডি-ফাইলের ব্যবহার বৃদ্ধি | সভায় জানানো হয় দপ্তর/ সংস্থার সকল কার্যক্রম ডি-ফাইলে নিষ্পত্তির কর্মসম্পাদন সূচক শতভাগ অর্জন সম্ভব হয়না। তাই চলতি অর্থবছরে দপ্তর/ সংস্থার ডি-ফাইলে নিষ্পত্তিযোগ্য কার্যক্রমের তালিকা যৌক্তিকভাবে নির্ধারণ করে ডি-নথি কার্যক্রম পরিচালনার নির্দেশনা রয়েছে। আগামী ৩১/০৮/২০২৪ খ্রি. তারিখের মধ্যে ডি-ফাইলে নিষ্পত্তিযোগ্য কার্যক্রমের তালিকা প্রস্তুতির কাজ সম্পন্ন করতে হবে। প্রস্তুতকৃত তালিকা সকল নথি ডি-ফাইলের মাধ্যমে সম্পন্ন করতে হবে। | আগামী ১৫/০৮/২০২৪ খ্রি. তারিখের মধ্যে সকল শাখাকে ডি-ফাইলে নিষ্পত্তিযোগ্য কার্যক্রমের তালিকা প্রস্তুত করে প্রশাসনিক মন্ত্রণালয়ে তালিকা প্রেরণের ব্যবস্থা নিতে হবে এবং তালিকা একটি অনুলিপি ইনোভেশন সেল-এ প্রদান করতে হবে। | প্রোগ্রামার, আইসিটি |
| | ৫.১. তথ্য বাতায়ন হালনাগাদ-করণ | ত্রৈমাসিকভিত্তিতে যুব উন্নয়ন অধিদপ্তরের তথ্য বাতায়ন হালনাগাদ করা এবং এর আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণের বিষয়ে ২০২৪-২৫ অর্থবছরের ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লেখ রয়েছে মর্মে সভায় জানানো হয়। | ক.তথ্য বাতায়নের সকল সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে এবং তথ্য বাতায়ন হালনাগাদকরণের স্ক্রিন-শট প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে।<br>খ. আওতাধীন অফিসসমূহকে তথ্য বাতায়নের সকল সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে এবং ত্রৈমাসিকভিত্তিতে প্রতিবেদন প্রেরণ করতে পত্র প্রদান করতে হবে। | প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর |
| | ৬.১ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ | চলতি অর্থবছরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ সংক্রান্ত ৪টি স্তম্ভের আলোকে করণীয় নির্ধারণ বিষয়ক ৪টি কর্মশালা/ সেমিনার আয়োজনের নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সভা বিস্তারিত আলোচনা শেষে আগামী সেপ্টেম্বর ২০২৪ মাসে অর্থবছরের প্রথম কর্মশালা অনুষ্ঠানের বিষয়ে একমত পোষণ করা হয়। | আগামী সেপ্টেম্বর ২০২৪ মাসে অর্থবছরের প্রথম কর্মশালার আয়োজন করতে হবে। | ইনোভেশন টিম |
| | ৭.১ অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন | দপ্তর/ সংস্থার নিজ অফিস ও আওতাধীন অফিসে অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার ব্যবহার করে প্রতিবেদন তৈরি, গ্রহণ ও প্রেরণ করার নির্দেশনা রয়েছে। এ কার্যক্রমটি আগামী ০১/১২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। | প্রোগ্রামার (আইসিটি) মন্ত্রণালয় এবং এটুআই এর সাথে যোগাযোগ করে রিপোর্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার এবং এর ব্যবহার বিষয়ে বিস্তারিত তথ্য আগামী সভায় উপস্থাপন করবেন। | ইনোভেশন টিম |
| | ৮.১ মাইগভ প্ল্যাটফর্মের ব্যবহার বৃদ্ধি | মাইগভ প্ল্যাটফর্মের মাধ্যমে ডিজিটাইজেশনযোগ্য সরকারি সেবা চিহ্নিতকরণ ও ডিজিটাইজেশনের লক্ষ্যে চলতি অর্থবছরে ২টি কর্মশালা অনুষ্ঠানের বিষয়ে কর্মপরিকল্পনায় নির্দেশনা রয়েছে। | ডিসেম্বর ২০২৪ এ প্রথম কর্মশালা আয়োজন করা হবে। | ইনোভেশন টিম |
| খ. | মাঠ পর্যায়ের অফিসমূহে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে ২০২৪-২৫ অর্থবছরে বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত কার্যক্রম বাস্তবায়নের জন্য নির্দেশনা দিয়ে পত্র জারি করা হয়েছে। | মন্ত্রিপরিষদ বিভাগের গাইড লাইন মোতাবেক মাঠ পর্যায়ের অফিসমূহের জন্য নির্ধারিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য মাঠ কার্যালয়ে পত্র প্রদান করতে হবে। | ইনোভেশন টিম |

অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/০৭/২০২৪

(এ কে এম মফিজুল ইসলাম)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার , যুব উন্নয়ন অধিদপ্তর
ফোনঃ ০২২২৩৩৮১৩৫৩
e-mail: dirpa@dyd.gov.bd

নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৫১.০৪৭.২৪. ৩৭

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।(সকল)

০৩। জনাব------------------------------------------------------------------ সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৪। প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৫। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৬। সংশ্লিষ্ট নথি ।

২৪/০৭/২০২৪

(মোঃ শাহীনুর রহমান)
উপপরিচালক(দা.বি. ও ঋণ) ও
সদস্য-সচিব, ইনোভেশন টিম
ফোনঃ ৯৫১৫০১৯
e-mail: ddpa1@dyd.gov.bd